বাংলাদেশ

ইউ সি সি এ/কে এস এস এ'র

ঋণ পরিচালনার জন্য

# ব্যাংকিং পরিকল্পনা

অক্টোবর, ১৯৮৩

রাবেয়া বসরী
সহকারী পরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।

ফেরদৌস মামুন শিমুল
উপপরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।

## মাপ ও ওজন ঃ

| | |
|---|---|
| ১ একর | — ০'৪০৫ হেক্টর |
| ১ বিঘা | — ০'৩৩ একর |
| ১ মণ | — ৮২'২৭১ পাউণ্ড (৩৭'৩ কেজি) |
| ১ মেট্রিক টন | — ২৬'৮ মণ |
| ১ মাইল | — ১'৬০৯ কিলোমিটার |
| ১ ফুট | —৩০'৫ সেন্টিমিটার |

## শব্দ পুঞ্জী

## বিভিন্ন প্রকার ধানের বিবরণ ঃ

| | |
|---|---|
| রোপা আমন ধান | — বর্ষা শুরু (আষাঢ়-শ্রাবণ মাস) হওয়ার সময় রোপণ করে কাতিক-অগ্রহায়ন মাসে ফসল কাটা হয়। |
| আউশ ধান | — চৈত্র-বৈশাখ মাসে বপন অথবা রোপণ করে আষাঢ়-শ্রাবণ মাসে ফসল কাটা হয়। |
| বোনা আমন | — ফাল্গুন-বৈশাখ মাসে বপন করে কাতিক-অগ্রহায়ন মাসে ফসল কাটা হয়। |
| বোরো | — অগ্রহায়ন-পৌষ মাসে রোপণ করে বৈশাখ-জৈষ্ঠ মাসে ফসল কাটা হয়। |

## আর্থিক বছর

১লা জুলাই হতে ৩০শে জুন।

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| এপিএলপি | — বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা |
| বিএডিসি | — বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| বিআরডিবি | — বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড |
| বিএসএস | — বিত্তহীন সমবায় সমিতি |
| কেএসএস | — কৃষক সমবায় সমিতি |
| এমসি | — ব্যবস্থাপনা কমিটি |
| এমএসএস | — মহিলা সমবায় সমিতি |
| পিডি | — প্রকল্প পরিচালক |
| আরডিও | — পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| এসও | — শাখা কর্মকর্তা, বিএডিসি |
| এসটি | — স্বল্প মেয়াদী |
| ইউএএ | — উপজেলা অনুমোদন অথরিটি |
| ইউআইটি | — উপজেলা সেচ দল |
| ইউ,ও | — ইউনিট কর্মকর্তা, বিএডিসি |
| ইউসিসিএ | — উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি |

# ইউসিসিএ/কেএসএস এর ব্যাংকিং পরিকল্পনা

ক্রমিক নং
বিলিকৃত ঃ অক্টোবর ১৯৮৩
৫ পাতার ১ম পাতা

## সূচীপত্র

### শিরোনাম

ধারা ক্রমিক নং

সংশোধিত নতুন ধারা প্রবর্তনের তারিখ [১]


ভূমিকা ________

পরিচিতি ________


## প্রথম ভাগ

ইউসিসিএ/কেএসএস এর স্বল্পমেয়াদী ঋণ দাদনের ব্যাংকিং পরিকল্পনা


১। উদ্দেশ্য ________

২। যোগ্যতার মাপকাঠি ________

৩। সুদের হার এবং কাঠামো ________

৪। ঋণ সর্বোচ্চতা ________

৫। ঋণ প্রক্রিয়াকরণ ________

৬। কার্য সময়সূচী

ঋণ প্রক্রিয়াকরণ ঃ এপিএলপি প্রবাহলেখ ________

৭। ঋণ প্রদান ________

৮। ঋণ প্রদানের সময়সূচী ________

৯। ঋণ পরিশোধসূচী ________

১০। জামানত ও দলিলপত্র ________

১১। ঋণ আদায়, হিসাবরক্ষণ ও প্রতিবেদন ________


## প্রথম ভাগের ক্রোড়পত্র


১। ঋণ নিয়মাচার ________

২। কেএসএস শ্রেণীবিভাগ নির্ণায়ক ________

৩। ইউসিসিএ শ্রেণীবিভাগ নির্ণায়ক ________

৪। ঋণ আদায়ের নির্দেশিকা ________

৫। ঋণ হিসাবের নির্দেশিকা ________

৬। ঋণ আদায় প্রতিবেদন পদ্ধতি ________


[১] ব্যাংকিং পরিকল্পনা ধারকগণ পেন্সিলে সংশোধিত বা নতুন ধারা/ক্রোড়পত্র/একজিবিটের প্রবর্তন তারিখ লিপিবদ্ধ করবেন।

ক্রমিক নং
বিলিকৃত : অক্টোবর ১৯৮৩
৫ পাতার ৪র্থ পাতা

| ধারা ক্রমিক নং | শিরোনাম | সংশোধিত বা নতুন ধারা প্রবর্তনের তারিখ [১] |
|---|---|---|

## তৃতীয় ভাগের ক্রোড়পত্র

১। কেএসএস শ্রেণীবিভাগ নির্ণায়ক ____________

২। ইউসিসিএ শ্রেণীবিভাগ নির্ণায়ক ____________

৩। ঋণ আদায়ের নির্দেশিকা ____________

৪। ঋণ হিসাবের নির্দেশিকা ____________

৫। ঋণ আদায় প্রতিবেদন পদ্ধতি ____________

## একজিবিট

১। বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা-ফসল (সদস্য পর্য্যায়ের আবেদন পত্র) এপিএলপি—১ ____________

২। বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা-ফসল (কেএসএস পর্যায়ের আবেদন পত্র) এপিএলপি—২ ____________

৩। বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা-ফসল (ইউসিসিএ পর্য্যায়ের আবেদন পত্র) এপিএলপি—৩ ____________

৪। বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা-সেচন যন্ত্রাংশ (সেচ উপদল পর্য্যায়ের আবেদন পত্র) এপিএলপি-৪ ____________

৫। বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা-সেচন যন্ত্রাংশ (কেএসএস পর্য্যায়ের আবেদন পত্র) এপিএলপি—৫ ____________

৬। বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা-সেচন যন্ত্রাংশ (ইউসিসিএ পর্য্যায়ের আবেদন পত্র) এপিএলপি—৬ ____________

৭। একীভূত বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা (ইউসিসিএ পর্য্যায়ের আবেদন পত্র) এপিএলপি—৭ ____________

৮। মরগেজ কারবার নামা ____________

৯। তমসুক ____________

১০। আম-মোক্তার নামা ____________

১১। ডি, পি, নোট ____________

১২। উইটিসিসিএ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত ____________

১৩। খতিয়ানী ঋণ এবং পরিসম্পদের নগদ ঋণ দায়বন্ধনের চুক্তি নামা ____________

১৪। ঋণ বিতরণের সনদপত্র ____________

---

[১] ব্যাংকিং পরিকল্পনা ধারকগণ পেন্সিলে সংশোধিত বা নতুন ধারা/ক্রোড়পত্র/একজিবিটের প্রবর্তন তারিখ লিপিবদ্ধ করবেন।

# ভূমিকা

উন্নত চাষাবাদের জন্য যথেষ্ঠ মূলধনের প্রয়োজন। বাংলাদেশের অধিকাংশ কৃষক গরীব। প্রয়োজনীয় কৃষি উপকরন সংগ্রহের জন্য তাঁদের পর্য্যাপ্ত মূলধন নেই বলে তাঁদের ঋণ গ্রহণ করতে হয়। প্রতিষ্ঠান বহির্ভূত উৎস হতে তাঁরা সিংহভাগ ঋণ পেয়ে থাকেন। হালে অবশ্য প্রতিষ্ঠানিক উৎস সমূহ এ ব্যাপারে যথেষ্ঠ অগ্রণী ভূমিকা পালন করছে এবং ধীরে ধীরে গুরুত্বপূর্ণ স্থান অধিকার করছে। বি আর ডি বি'র ইউসিসিএ/কে এস এস পদ্ধতি চালু হবার ফলে ষাট দশকের মাঝামাঝি হতে প্রতিষ্ঠানিক ঋণ সমবায় ঋণ হিসাবে বিশেষ ভূমিকা পালন করে আসছে।

সোনালী ব্যাংক ইউসিসিএ'র অর্থসংস্থানকারী প্রতিষ্ঠান এবং সোনালী ব্যাংক ও বি আর ডি বি'র কর্মকর্তাগণ এবং ইউসিসিএ'র ব্যবস্থাপনা পরিষদ, কর্মকর্তা ও কর্মচারীগন সমবায়ীদের ক্রমবর্ধিত ঋণ কার্যক্রম বাস্তবায়িত করছেন। বর্তমান ঋণ দাদন পদ্ধতি জটিল, পুনরাবৃত্তি মূলক এবং কাল-ক্ষেপনকারী। উপরন্তু ইউসিসিএ/কে এস এস পদ্ধতিতে ঋণ দাদন কর্মসূচীর উপর কোন লিখিত পুস্তিকা নেই। এর ফলে ইউসিসিএ সমূহে ঋণ দাদন পদ্ধতিতে সামঞ্জস্য রক্ষা করা কঠিন হয়ে পড়েছে। যাতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, ইউসিসি এ/কে এস এস এর ব্যবস্থাপনা পরিষদ, সদস্যগণ ও কর্মকর্তা এবং কর্মচারীগণ একটি লিখিত পুস্তিকা ম্যানুয়াল হিসাবে ব্যবহার করতে পারেন, তেমন একটি ব্যাংকিং পরিকল্পনা প্রনয়ণ অত্যাবশ্যক হয়ে পড়ে।

এই লক্ষ্য অর্জনের নিমিত্তে জনাব আনোয়ারুজ্জামান খান, কনসালট্যান্ট, গ্রামীন ঋণ প্রকল্প বিভাগ, বাংলাদেশ ব্যাঙ্ক, বি আর ডি বি, সোনালী ব্যাঙ্ক এবং বাংলাদেশ ব্যাঙ্কের কর্মকর্তাগণের আন্তরিক সহযোগিতায় ব্যাঙ্কিং পরিকল্পনাটি প্রণয়ন করেন। ইহা বিশ্বব্যাঙ্ক কর্তৃক পর্যালোচনা করা হয়েছে।

সকল পর্য্যায়ের বি আর ডি বি ও সোনালী ব্যাঙ্কের কর্মকর্তা ও কর্মচারীগণ, ইউসিসিএ ও কে এস এস এর ব্যবস্থাপনা পরিষদ ও সদস্যগণ কৃষি ও পল্লী উন্নয়ন ঋণ কার্য্যক্রমের সুষ্ঠু ও সময়োচিত পরিচালনার নিমিত্তে এই ব্যাঙ্কিং পরিকল্পনা যথাযথ ভাবে ব্যবহার করবেন।

মহাপরিচালক
বি আর ডি বি
ঢাকা

লুৎফর রহমান সরকার
ব্যবস্থাপনা পরিচালক
সোনালী ব্যাঙ্ক
ঢাকা

উপ-গভর্ণর
বাংলাদেশ ব্যাংক

# পরিচিতি

নিশ্চিত, পরিমিত এবং সময়োচিত কর্জ সরবরাহ সমবায়ীদের জন্য প্রাথমিক পর্যায়ের সেবা সমূহের মধ্যে অন্যতম। ইউসিসিএ'র কার্যক্রমের সম্প্রসারণ এবং এর মাধ্যমে বিআরডিবি এবং-সোনালী ব্যাংক কর্তৃক ঋণ সাহায্যপুষ্ট প্রকল্পসমূহ গৃহীত হওয়ার ফলে ঋণ সরবরাহের লক্ষ্য অর্জনে থানা পর্য্যায়ে কতিপয় সমস্যাবলীর উদ্ভব হয়েছে।

ইউসিসিএ'র বর্তমান ঋণ উপকরণ, অবস্থা এবং পদ্ধতির উন্নয়নকল্পে নির্ভরযোগ্য নিয়মাচার সম্বলিত একটি ব্যাংকিং পরিকল্পনার প্রস্তাব করা হয়েছে। উক্ত ব্যাংকিং পরিকল্পনাটি আভ্যন্তরীণ নির্দেশ ব্যতীত সম্মত ও গৃহীত, মুল দলিল হিসাবে সোনালী ব্যাংক ও বিআরডিবি'র কর্মকর্তা, কর্মচারী এবং ইউসিসিএ'র ব্যবস্থাপনা পরিষদকে বিভিন্ন ঋণ কর্মসূচী বাস্তবায়নে সহায়তা করবে।

ব্যাংকিং পরিকল্পনা প্রণয়নে বিভিন্ন পদক্ষেপ গৃহীত হয়েছে। প্রথমে ব্যাংকিং পরিকল্পনার প্রস্তাবিত বিষয়বস্তু সম্পর্কে বিভিন্ন সভার মাধ্যমে সংশ্লিষ্ট বিআরডিবি ও সোনালী ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী এবং ইউসিসিএ'র ব্যবস্থাপনা পরিষদকে আলোচনাক্রমে অবহিত করা হয়। যেহেতু তাদের প্রত্যেককে সুষ্ঠু এবং সমন্বয়ের ভিত্তিতে দায়িত্ব পালন করতে হবে, সেহেতু তাদের নিকট হতে মন্তব্য চাওয়া হয়। মন্তব্য এবং প্রশ্নাবলী বাছাই করে সংশ্লিষ্ট সকলের প্রয়োজনের ভিত্তিতে ব্যাংকিং পরিকল্পনার নীল নকসা তৈরী করা হয়। নীল নক্সা অনুসরণ করে ব্যাংকিং পরিকল্পনার মুল প্রতিপাদ্য বিষয় প্রণীত হয়। বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, বিআরডিবি এবং ইউসিসিএ'র কর্মকর্তা ও সদস্যগন সামগ্রিকভাবে অংশ গ্রহন করে ব্যাংকিং পরিকল্পনা প্রণয়নে সর্বোতভাবে অবদান রাখেন।

অতীতে স্পষ্টভাবে মধ্যম মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী ঋণ নির্ণয় করা কষ্টসাধ্য ছিল। ব্যাংকিং পরিকল্পনায় মধ্যম এবং দীর্ঘ মেয়াদী ঋণকে শুধু মেয়াদী ঋণ হিসেবে উল্লেখ করা হয়েছে। ভবিষ্যতে ১৮ মাসের কম সময়ের জন্য যে ঋণ দাদন করা হবে তা স্বল্প মেয়াদী এবং তদুর্দ্ধ সময়ের জন্য দাদনকৃত ঋণকে মেয়াদী ঋণ বলে চিহ্নিত করা হবে, সুতরাং ঋণকে নিম্নলিখিত দুটি ভাগে বিভক্ত করা হয়েছে ঃ

ক) স্বল্প মেয়াদী ঋণ, এবং

খ) মেয়াদী ঋণ

এই ব্যাংকিং পরিকল্পনার তিনটি অংশ আছে যা ম্যানুয়াল হিসেবে প্রকাশিত হল। প্রথম অংশটি স্বল্প মেয়াদী ঋণসম্বলিত; দ্বিতীয় অংশ মেয়াদী ঋণ সংক্রান্ত এবং তৃতীয় অংশ ইউসিসিএ'তে নানাবিধ ঋণ প্রদান সংক্রান্ত। প্রত্যেক অংশে ঋণের চাহিদা, যোগ্যতা, সুদের কাঠামো, প্রক্রিয়াকরণ, দাদন এবং আদায় পদ্ধতি আলোচিত হয়েছে।

বিত্তহীন সমিতির জন্য ঋণদান একটি নতুন ক্ষেত্র এবং এরজন্য অভিজ্ঞতা অবশ্যই সঞ্চয় করতে হবে। তাই ব্যাংকিং পরিকল্পনায় বিত্তহীন এবং মহিলা সমিতিতে ঋণ দাদনের বিষয়টি বিশেষভাবে গুরুত্ব আরোপ করে একটি পৃথক ব্যাংকিং পরিকল্পনা রচনা করা হয়েছে।

# প্রথম ভাগ

# প্রথম ভাগ

## ইউসিসিএ/কেএসএসএর স্বল্প মেয়াদী ঋণ দাদনের ব্যাংকিং পরিকল্পনা

### ১। উদ্দেশ্য

**সংজ্ঞা**

১.১ সর্বাধিক ১৮ মাস মেয়াদে বিভিন্ন ফসলের আবাদ এবং সেচ যন্ত্রাংশ সংগ্রহের জন্য প্রদত্ত ঋণকে স্বল্প মেয়াদী ঋণ বলে।

**উপকারভোগী**

১.২ কেএসএস-এর সব যোগ্য সদস্যই স্বল্পমেয়াদী ঋণের উপকারভোগী হতে পারবেন।

**প্রয়োজনীয়তা**

১.৩ কেএসএস-এর যোগ্য সদস্যগণের জন্য বীজ, সার, কীটনাশক ঔষধ, সেচ খরচ (তেল, মবিল, চালকের বেতন), মজুর, সেচ যন্ত্রাংশ সংগ্রহের নিমিত্ত স্বল্পমেয়াদী ঋণের প্রয়োজনীয়তা নিণিত হবে, বাংলাদেশ ব্যাংক এবং বানিজ্যিক ব্যাংক কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট ঋণ নিয়মাচারের[২] ভিত্তিতে তৈরীকৃত বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা (এপিএলপি [১]) মোতাবেক।

১.৪ **ঋণের পর্য্যায়**

স্বল্পমেয়াদী ঋণ নিম্নলিখিত পর্যায়ে দেওয়া হবে ঃ

১। **শস্য উৎপাদন খরচ**

ক) **আউশ মওসুম**

- আঁউশ ধান
- বোনা আমন ধান
- পাট।

খ) **রোপা আমন মওসুম**

- রোপা আমন ধান
- আনারস

গ) **বোরো মওসুম**

- বোরো ধান
- ডাল
- গম
- শাক সব্জী
- আলু
- আখ
- তামাক
- কলা
- তৈলবীজ

---

[১] একজিবিট— ১, ২, ৩, ৪, ৫, ৬, ও ৭

[২] ক্রোড়পত্র—১

২। নতুন সদস্য

নতুন সদস্যদের উৎপাদন ব্যয় এবং যন্ত্রাংশ কেনার প্রয়োজনীয়তা।

৩। অন্যান্য দফা ঃ

সেচ সরঞ্জামের জন্য যন্ত্রাংশ।

# ২। যোগ্যতার মাপকাঠি

## ইউসিসিএ পর্যায়

২.১(ক) নিবন্ধনের তারিখ হতে এক বৎসর উত্তীর্ণ ইউসিসিএ কে স্বল্পমেয়াদী ঋণযোগ্য হতে হলে

১। প্রত্যেক বৎসর ১৫ই মে তারিখে পূর্বের বারো মাসের আদায়যোগ্য সমস্ত স্বল্প মেয়াদী ঋণ দাবীর[১] ন্যূনপক্ষে ৪০ শতাংশ পরিশোধকৃত হতে হবে। এই তারিখে কোন ইউসিসিএ যোগ্যতা অর্জনে ব্যর্থ হলে ৩১ শে অক্টোবর আবার উপরোক্ত নিয়মে যোগ্যতা নির্ধারণের সুযোগ পাবে।

২। বিগত ১২ মাস কিংবা তৎপরে আদায়কৃত ঋণের[২] সুদ হতে ২ হার সুদ তামাদি ঋণ তহবিলে সংরক্ষিত করতে হবে।

৩। বৎসরওয়ারী[৩] খেলাপী ঋণের একটি বিবরণ সোনালী ব্যাংকে পেশ করতে হবে ; এবং

২.১ (খ) নিবন্ধনকৃত সকল নুতন ইউসিসিএ প্রথম বৎসরে ঋণ যোগ্য বলে বিবেচিত হবে।

## কেএসএস পর্যায়

২.২ ঋণের জন্য দরখাস্ত করার তারিখে কেএসএস-এর গত ১২ মাসের মোট স্বল্পমেয়াদী ঋণের আদায়যোগ্য দাবীর[৪] ন্যূনপক্ষে ৯৫ শতাংশ পরিশোধকৃত হতে হবে। সমস্ত নতুন নিবন্ধণকৃত কেএসএস প্রথম বৎসর ঋণ যোগ্য বলে বিবেচিত হবে।

## সদস্য পর্যায়

২.৩ একজন কেএসএস সদস্য স্বল্প মেয়াদী ঋণ গ্রহণের যোগ্যতা অর্জন করবেন, যদি

১। দরখাস্তের তারিখে তিনি তাঁর আদায়যোগ্য সমস্ত স্বল্পমেয়াদী ঋণের ১০০ শতাংশ পরিশোধ করে থাকেন[৫] ; এবং

২। তিনি চাহিদাকৃত ঋণের ২০ শতাংশ শেয়ার এবং সঞ্চয় আমানত হিসাবে জমা করে থাকেন।

---

[১] ক্রোড় পত্র—৬ সারনী—১
[২] ক্রোড় পত্র—৬ সারনী—৩
[৩] ক্রোড় পত্র—৬ সারনী—২
[৪] ক্রোড় পত্র—৬ সারনী—৪
[৫] ক্রোড় পত্র—৬ সারনী—৫

# ৩। সুদের হার এবং কাঠামো

## সুদ বিস্তার

৩.১ স্বল্পমেয়াদী ঋণের সুদের হার সোনালী ব্যাংকের জন্য ৭'৫ শতাংশ, ইউসিসিএ এর জন্য ১৪'৫ শতাংশ এবং সদস্যদের জন্য ১৭'৫ শতাংশ।

সুদের বিস্তার নিম্নরূপ হবে ঃ

| | | | |
|---|---|---|---|
| ইউসিসিএ হতে সোনালী ব্যাংকের প্রাপ্য | ঃ | ৭'৫ শতাংশ | |
| কেএসএস হতে ইউসিসিএ-এর প্রাপ্য | ঃ | ১৪'৫ শতাংশ | সার্ভিস চার্জ ৫ শতাংশ |
| | | | তামাদি ঋণের সংরক্ষিত তহবিল ২ শতাংশ। |
| | | | ৭ শতাংশ |
| সদস্য হতে কে এসএস-এর প্রাপ্য | ঃ | ১৭'৫ শতাংশ | কেএসএস কমিশন ২ শতাংশ |
| | | | ব্যবস্থাপক কমিশন ১ শতাংশ |
| | | | ৩ শতাংশ |

## সুদের দন্ড হার

৩.২ দেয় তারিখের মধ্যে ঋণ পরিশোধিত হলে সরল সুদ আদায় করা হবে অন্যথায় 'এ্যানুয়েল রেস্ট' এবং সুদের দণ্ড হার অনাদায়ী আসলের উপর প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে ক্রমবর্ধিত ১% হারে সর্বোচ্চ ৩% পর্য্যন্ত ধার্য্য করতঃ আদায়কৃত হবে। ঋণের টাকা আদায়ের পর প্রথমে ঐ তারিখ পর্য্যন্ত আসলের সুদ কেটে আদায়কৃত বক্রি টাকা আসল হিসাবে উসুল দেখাতে হবে।

## ৪। ঋণ সর্বোচ্চতা

### ৪.১। সর্বোচ্চ ঋণ সীমা

একজন সদস্যকে নিন্নলিখিত শর্তে সর্ব্বোচ্চ ঋণ মঞ্জুর করা যেতে পারে ঃ

১। প্রত্যেক ফসলের একর প্রতি নির্ধারিত সর্ব্বোচ্চ ঋণ সীমা ;

২। ফসল প্রতি নির্ধারিত সর্ব্বোচ্চ ঋণ সীমা ;

৩। সদস্য প্রতি নির্ধারিত সর্ব্বোচ্চ ঋণ সীমা ; এবং.

৪। সদস্য প্রতি জমাকৃত মোট শেয়ার ও সঞ্চয় আমানতের ৫ গুনের অধিক নহে।

## ৫। ঋণ প্রক্রিয়াকরণ

এপিএলপি

৫.১। একত্রীভূত এপিএলপি[১] নিম্নলিখিত উপ-সমষ্টির একীকরন ঃ

১। ফসল উৎপাদন ব্যয় ( এ পি এলপি ১, ২, এবং ৩) ;

২। সেচ সরঞ্জামের যন্ত্রাংশ ( এ পি এল পি ৪, ৫ এবং ৬ ) ; এবং

৩। বর্তমান/নতুন কে এসএস'র প্রত্যাশিত নতুন সদস্যদের আনুমানিক ঋণ চাহিদা ; ( এ পি এল পি-৭ )[২]

৫.২। নিম্নলিখিত বিষয় সহযোগে ফসল উৎপাদন ব্যয় উপ-সমষ্টি করতে হবে ঃ

১) আউশ মওসুম ফসলের ব্যয় উপ-সমষ্টি ( আউশ, বোনা আমন, পাট ) ;

২) রোপা আমন মওসুম ফসলের ব্যয় উপ-সমষ্টি ( রোপা আমন, আনারস ), এবং

৩) বোরো মওসুম ফসলের ব্যয় উপ-সমষ্টি ( বোরো, গম, আলু, তামাক, তৈল বীজ, ডাল, শাক-সব্জী, আখ এবং কলা )।

ঋণের দরখাস্ত

৫.৩। স্বল্প মেয়াদী ঋণের দরখাস্ত নিন্মলিখিত ক্রম অনুযায়ী প্রক্রিয়াকরণ করতে হবে ঃ

১) যথাসম্ভব পরিদর্শকের সহায়তায় কে এস এস ব্যবস্থাপক ১লা এপ্রিল তারিখে এ পিএলপি ১ এবং ৪ তৈরী করা শুরু করবেন।

২) ১৫ই এপ্রিল তারিখে কে এস এস ব্যবস্থাপক সব সদস্য পর্য্যায়ের এ পি এল পি ১ এবং ৪ এ পি এল পি ২ এবং ৫এ একীকরন করবেন এবং প্রয়োজনীয় দলিল সহ এ পি এল পি ১, ২, ৪ ও ৫ কে এস এস'র ব্যবস্থাপনা কমিটির নিকট ২১শে এপ্রিলের মধ্যে অনুমোদনের জন্য পেশ করবেন।

৩) ২৮শে এপ্রিলের মধ্যে কেএসএস ব্যবস্থাপক অনুমোদিত এপিএলপি ১, ২, ৪ ও ৫ প্রয়োজনীয় দলিল পত্র সহ আর ডি ওর কাছে পাঠাবেন।

৪) আর ডি ও অন্ততঃ ১০টি কে এস এস এর এপিএলপি ১, ২, ৪ এবং ৫ প্রয়োজনীয় দলিল-পত্র সহ ইউসি সি এ ঋণ উপ-কমিটির নিকট পুংখানুপুংখরূপে পরীক্ষার জন্য পাঠাবেন। পরিক্ষীত এ পি এল পি ১, ২, ৪ ও ৫ প্রয়োজনীয় দলিল সহ আর ডি ও'র নিকট ফেরত পাঠাতে হবে।[৪]

৫) আর ডি ও পরিক্ষীত এ পি এল পি ১, ২, ৪ ও ৫ এ পি এল পি ৩, ৬, এবং ৭ একীভূত করবেন।

৬) আর ডি ও পরীক্ষীত এ পি এল পি ১, ২, ৪ ও ৫ এবং একীভূত এ পি এল পি ৩, ৬ ও ৭ প্রয়োজনীয় দলিল-পত্র সহ অনুমোদনের জন্য ইউ সি সি এ ব্যবস্থাপনা কমিটির কাছে পেশ করবেন। সমস্ত কেএসএস এর এ পি এল পি সমূহ ইউ সি সি এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অবশ্যই ১৫ ই মে তারিখের মধ্যে অনুমোদিত হতে হবে।

---

[১] একজিবিট ৭

[২] ,, ১, ২ ও ৩

[৩] ,, ১, ২, ৩

[৪] ধারা ১০.১.১

[৫] ধারা ১০.১.১ এবং ১০.১.২

[৬] ধারা ১০.১.১,১০.১.২ এবং ১০.১.৩।

৭। আরডিও প্রয়োজনীয় দলিল-পত্র সহ[১] অনুমোদিত এপিএলপি-৭ অবশ্যই ১৬ই মে তারিখের মধ্যে সোনালী ব্যাঙ্কের শাখা ব্যবস্থাপক এবং বিআরডিবি এর প্রকল্প পরিচালকের নিকট পেশ করবেন।

৮। বিআরডিবি এর প্রকল্প পরিচালক তাঁর মন্তব্য সোনালী ব্যাঙ্কের আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট পাঠাবেন। এপিএলপি-৭ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বিআরডিবি'র প্রকল্প পরিচালকের নিকট হতে কোন মন্তব্য পাওয়া না গেলে ধরে নেওয়া হবে যে তার কোন মন্তব্য নাই।

৯। সোনালী ব্যাঙ্কের শাখা ব্যবস্থাপক এপিএলপি-৭ এবং প্রয়োজনীয় দলিলপত্র[১] আরডিও'র নিকট হতে প্রাপ্তির ১৫ দিনের মধ্যে তার মন্তব্য সহ এপিএলপি-৭ এবং প্রয়োজনীয় দলিল-পত্র সোনালী ব্যাঙ্কের আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট প্রেরন করবেন।

**ঋণ মঞ্জুরী ঃ**

**৫.৪ নিম্ন লিখিত ধাপ অনুযায়ী ঋণ মঞ্জুরী দেওয়া হবে ঃ**

১। সোনালী ব্যাঙ্কের আঞ্চলিক ব্যবস্থাপক ইউসিসিএ'র বার্ষিক ঋণের মঞ্জুরী ১০ই জুনের মধ্যে দেবেন।

২। আঞ্চলিক ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ঋণ মঞ্জুরী পত্র ১৫ই জুনের মধ্যে শাখা ব্যবস্থাপককে পাঠাবেন এবং অনুলিপি আরডিও, বিআরডিবি'র পিডি, সদর দপ্তর এবং সোনালী ব্যাঙ্কের সদর দফতরে প্রেরণ করবেন।

৫.৫ যে সমস্ত ইউসিসিএ ১৫ই মে, ঋণ প্রাপ্তির যোগ্যতা অর্জনে ব্যর্থ হয়েছে কিন্তু পরবর্তীতে ৩১শে অক্টোবর তারিখে সক্ষম হয়েছে, তাদের জন্য সোনালী ব্যাঙ্ক পুনঃ ১৫ই নভেম্বর স্বল্প মেয়াদী ঋণ মঞ্জুরী দেবে। যাহা হউক কেএসএস এর ঋণের দরখাস্ত সমূহ ইউসিসিএ ঋণ-উপকমিটি কর্তৃক পূর্বাহ্নেই পুংখানুপুংখ রূপে পরীক্ষিত হতে হবে, যাতে এপিএলপি-৭ এবং প্রয়োজনীয় দলিল পত্র অবশ্যই ২০শে অক্টোবর তারিখের মধ্যে বিআরডিবির প্রকল্প পরিচালক এবং সোনালী ব্যাঙ্কের শাখা ব্যবস্থাপকের নিকট পৌছান সম্ভব হয়। স্মর্তব্য যে, শেষোক্ত ঋণ মঞ্জুরী সংশ্লিষ্ট আর্থিক বৎসরের অবশিষ্ট মাস সমূহের (নভেম্বরের ১৫ হইতে জুন ৩০) জন্য প্রযোজ্য হবে।

---

১ ধারা- ১০.১.৩

## ৬। কার্য সময়সূচী

৬.১ ঋণ প্রক্রিয়াকরণ এবং মঞ্জুরীর জন্য নিম্নলিখিত সময়সূচী অনুসরন করতে হবে ঃ

| | কার্য | দলিল পত্র | দায়িত্ব | সময় তালিকা |
|---|---|---|---|---|
| | **সদস্য পর্য্যায়** | | | |
| ১। | প্রয়োজনীয় দলিল পত্র এবং এপিএলপি-১ ও ৪ তৈরী | ১০.১.১ ধারায় বনিত দলিল পত্র সহ একজিবিট ১ ও ৪ | কেএসএস ব্যবস্থাপক যথাসম্ভব ইউসিসিএ পরিদর্শকের সহায়তায় | ১লা এপ্রিল |
| ২। | এপিএলপি-১ ও ৪ কে এপিএলপি ২ ও ৫ একত্রী-করন এবং প্রয়োজনীয় দলিল পত্র তৈরী | ১০.১.২ ধারায় বনিত দলিল পত্র সহ একজিবিট ১.২.৪ ও ৫ | কেএসএস ব্যবস্থাপক | ১৫ই এপ্রিল |
| ৩। | কেএসএস ব্যবস্থাপনা কমিটির নিকট প্রয়োজ-নীয় দলিল পত্রসহ এপিএলপি ১,২,৪ ও ৫ পেশ। | ১০.১.১ ও ১০.১.২ ধারায় বনিত দলিল পত্র সহ একজিবিট ১,২,৪ ও ৫। | কেএসএস ব্যবস্থাপক | ২১শে এপ্রিল |
| ৪। | **কেএসএস পর্য্যায়** প্রয়োজনীয় দলিল পত্র সহ এপিএলপি ১,২,৪ ও ৫ এর অনুমোদন। | ঐ | কেএসএস ব্যবস্থাপনা কমিটি। | ২১শে এপ্রিল |
| ৫। | প্রয়েজনীয় দলিল পত্র সহ এপিএলপি ১,২ ৪ ও ৫ আরডিওর নিকট প্রেরন | ঐ | কেএসএস ব্যবস্থাপক | শেষ তারিখ ২৮শে এপ্রিল |
| | **ইউসিসিএ পর্য্যায়** | | | |
| ৬। | ঋণ উপ-কমিটিতে পরিক্ষার জন্য অন্তত ১০টি করে এপিএলপি ১,২,৪ ও ৫ প্রয়োজনীয় দলিল পত্র সহ পেশ। | ১০.১.২ ও ১০.১.৩ ধারায় বনিত দলিল পত্র সহ একজিবিট ১,২,৪ এবং ৫ | আরডিও | ১ |
| ৭। | ১০টি এপিএলপি ১,২,৪ ও ৫ কে এপিএলপি ৩,৬ ও ৭ একীকরন এবং পরীক্ষিত এপিএলপি ১,২,৪ ও ৫ একীভুত এপিএলপি-৩,৬ ও ৭ প্রয়োজনীয় দলিল পত্র সহ ইউসিসিএ ব্যবস্থাপনা কমিটির নিকট পেশ। | ১০.১.২ ও ১০.১.৩ ধারায় বনিত দলিল সহ একজিবিট-১,২,৩,৪, ৫,৬ ও ৭ | ঐ | ১ |
| ৮। | সমস্ত এপিএলপির অনুমোদন | ঐ | ইউসিসিএ এর ব্যবস্থাপনা কমিটি | ১ |

১ এপিএলপি ১,২,৪ ও ৫, ১০টি এক সংগে প্রক্রিয়াকরন করা হবে। পরীক্ষন, একীকরন এবং অনুমোদন অবিরাম প্রক্রিয়ায় চলতে থাকবে ; তবে সমস্ত এপিএলপি ১ থেকে ৭, এপ্রিলের ২৮ তারিখর মধ্যে আরডিওর নিকট পাঠাতে হবে, যাতে ইউসিসিএ ব্যবস্থাপনা কমিটি ১৫ই মে তারিখের মধ্যে অনুমোদন করতে পারে।

২ পাতার ২য় পাতা

| | কার্য | দলিল পত্র | দায়িত্ব | সময় তালিকা |
|---|---|---|---|---|
| ৯) | প্রয়োজনীয় দলিল পত্র সহ অনুমোদিত এপিএলপি-৭ সোনালী ব্যাংকের শাখা ব্যবস্থাপক এবং বিআরডিবি প্রকল্প পরিচালকের নিকট পেশ। | ১০.১.৩ ধারায় বর্ণিত দলিল পত্র সহ একজিবিট-৭ | আর ডি ও | ১ |
| | **শাখা ব্যবস্থাপক পর্য্যায়** | | | |
| ১০) | মন্তব্য সহ প্রয়োজনীয় দলিল পত্র এবং এপিএলপি—৭ | ঐ | শাখা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক। | শেষ তারিখ ৩০শে মে |
| | **প্রকল্প পরিচালক পর্য্যায়** | | | |
| ১১) | আঞ্চলিক ব্যবস্থাপক, সোনালী ব্যাংকের নিকট এপিএলপি—৭ এর উপর মন্তব্য পেশ। | — | প্রকল্প পরিচালক বিআরডিবি | ঐ |
| | **আঞ্চলিক ব্যবস্থাপক পর্য্যায়** | | | |
| ১২) | সমস্ত ইউসিসিএর ঋণ মঞ্জুরী | — | আঞ্চলিক ব্যবস্থাপক সোনালী ব্যাংক | ১০ই জুন |
| ১৩) | ইউসিসিএ, প্রকল্প পরিচালক ও সদর দপ্তর, বি আর ডি বি শাখা ব্যবস্থাপক ও সদর দফতর, সোনালী ব্যাংকে মঞ্জুরী পত্র প্রেরণ। | — | ঐ | ১৫ই জুন |

---

১ প্রয়োজনীয় দলিল পত্র সহ অনুমোদিত এপিএলপি—৭ ইউসিসিএ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদন লাভের ৩ দিনের মধ্যে সোনালী ব্যাংকের শাখা ব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, বিআরডিবির নিকট পাঠাতে হবে। প্রয়োজনীয় দলিল পত্র সহ অনুমোদিত এপিএলপি—৭ পাঠানোর শেষ তারিখ—১৫ই মে।

১ পাতার ১ম প্রান্ত
লেখ—১

# ঋণ প্রক্রিয়াকরণ ঃ এপিএলপি প্রবাহ লেখ



৯ পাতার ১ম খাতা

## ৭। ঋণ প্রদান

৭.১ নতুন ও পুরাতন সদস্যদের ঋণ নগদে ও দ্রব্যে নিন্মলিখিত পদ্ধতিতে প্রদান করা হবে ঃ

১। শাখা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক মঞ্জুরীকৃত ফসলী ঋণ বৎসরে তিনবার প্রদান করবেন। যন্ত্রাংশের জন্য ঋণ প্রয়োজন মতো দেওয়া যাবে।

২। দ্রব্যে দেয় ঋণ সংশ্লিষ্ট কেএসএস এর পক্ষে আর ডিও সরবরাহকারীকে ক্রেডিট ভাউচার[১] প্রদান করবেন। সরবরাহকারী যাতে ক্রেডিট ভাউচার গ্রাহ্য করেন তজ্জন্য আর ডিওকে পূর্বাহ্নেই ব্যবস্থা গ্রহন করতে হবে। যদি ক্রেডিট ভাউচারের মাধ্যমে উপকরণ পাওয়া না যায় তাহলে নগদে ঋণ প্রদান করতে হবে। আরডিও চারিপ্রস্থ ক্রেডিট ভাউচার তৈরী করে নিন্মলিখিত ব্যবস্থা গ্রহন করবেন ঃ

ক) আরডিও এক প্রস্থ ক্রেডিট ভাউচার নিজ অফিসে নথিভুক্ত করবেন এবং অন্য তিন প্রস্ত ক্রেডিট ভাউচার কেএসএস ব্যবস্থাপক কিংবা কেএসএস কর্তৃক ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট অর্পন করবেন।

খ) কেএসএস ব্যবস্থাপক কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি সরবরাহকারীকে তিন প্রস্ত ক্রেডিট ভাউচার প্রদান করবেন। মালামাল সরবরাহ এবং ক্রেডিট ভাউচারে লিপিবদ্ধ হওয়ার পর সরবরাহকারী এবং কেএসএস ব্যবস্থাপক কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি তিন প্রস্ত ক্রেডিট ভাউচারেই স্বাক্ষর দান করবেন।

গ) কেএসএস ব্যবস্থাপক কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি স্বাক্ষরিত ভাউচারের এক প্রস্ত সমিতির জন্য রেখে দিবেন।

ঘ) সরবরাহকারী স্বাক্ষরিত ক্রেডিট ভাউচারের এক প্রস্থ নিজে সংরক্ষিত করবেন এবং অন্য কপি বিলের সংগে সংযুক্ত করে আরডিও এর নিকট দাখিল করবেন।

৩। আরডিও সরবরাহকারীর পক্ষে তার মালামাল সরবরাহের জন্য তাঁকে একটি ক্রসড চেক প্রদান করবেন, যা সোনালী ব্যাংকে ভাংগানো যাবে। চেকের টাকা প্রদান পূর্বক সোনালী ব্যাংক, শাখা ব্যবস্থাপক সংশ্লিষ্ট ইউসিসিএ এর নামে উক্ত টাকা ঋণ হিসাবে লিপিবদ্ধ করবে।

৪। ইউসিসিএ সংশ্লিষ্ট কেএসএসকে চেকের মাধ্যমে মঞ্জুরী সীমা পর্য্যন্ত ঋণ প্রদান করবে। কেএসএস ব্যবস্থাপক ও সভাপতি চেকটি ভাংগাবেন। চেক ভাংগানোর পর ব্যাংক ইউসিসিএ এর নামে উক্ত টাকা ঋণ হিসাবে লিপিবদ্ধ করবে।

৫। ব্যবস্থাপক, কেএসএস-এর সভায় কমপক্ষে দুইজন কেএসএস পরিচালক ও ইউটিসিসিএ পরিদর্শকের উপস্থিতিতে সদস্যদের মধ্যে ঋণ বিতরন করবেন।

৬। ঋণ বিতরন হওয়ার পরে কেএসএস ব্যবস্থাপক একটি ঋণ বিতরন সনদপত্র[২] তৈরী করবেন। ঋণ বিতরন সনদপত্রে ঋণ-সদস্য, কেএসএস সভাপতি, একজন ক্ষমতাপ্রাপ্ত পরিচালক, ব্যবস্থাপক এবং পরিদর্শক স্বাক্ষর করবেন ও পরে আরডিওর নিকট প্রেরন করবেন।

---

[১] এক্সিবিট—১৫

[২] এক্সিবিট - ১৪

## ৮। ঋণ প্রদানের সময়সূচী

ফসলী ঋণ

৮.১। বৎসরে তিনটি ফসল মওসুমে ঋণ প্রদান করা হবে। ঋণ প্রদানের সময়সূচী নিন্মরূপ হবে ঃ

| ফসল মৌসুম | বিতরণ সময়সূচী |
|---|---|
| ১। আউশ (আউশ, আমন ও পাট) | ১লা মার্চ হইতে ৩০শে এপ্রিল |
| ২। রোপা আমন (রোপা আমন এবং আনারস) | ১লা জুলাই হইতে ১৫ই সেপ্টেম্বর |
| ৩। বোরো (বোরো, গম, গোলআলু, তামাক, তৈলবীজ, ডাল, শাকসব্জী, আখ এবং কলা) | ১৫ই অক্টোবর হইতে ২৮/২৯শে ফেব্রুয়ারী |

৮.২ অন্যান্য ঋণ

সেচ যন্ত্রাংশের ঋণ, সময় ও প্রয়োজন মতো প্রদান করা হবে।

## ৯। ঋণ পরিশোধ সূচী

### ফসলী ঋণ

৯.১। ফসলী ঋণ পরিশোধের সময় সীমা নিম্নরূপ হবে ঃ

| ফসল | পরিশোধ সময়সীমা | দেয় তারিখ |
|---|---|---|
| ১। আউশ মওসুম ( পাট ব্যতীত ) | ১লা জানুয়ারী হইতে ৩১শে মার্চ | ৩১শে মার্চ |
| ২। রোপা আমন মৌসুম | ১লা জানুয়ারী হইতে ৩১শে মার্চ | ৩১শে মার্চ |
| ৩। বোরো মৌসুম (আখ এবং কলা ব্যতীত ) | ১লা আগষ্ট হইতে ৩০শে সেপ্টেম্বর | ৩০শে সেপ্টেম্বর |
| ৪। পাট | ১লা অক্টোবর হইতে ৩১শে ডিসেম্বর | ৩১শে ডিসেম্বর |
| ৫। আখ এবং কলা | ১লা মে হইতে ৩১শে জুলাই | ৩১শে জুলাই |

### অন্যান্য প্রকার ঋণ

৯.২। সেচযন্ত্রের যন্ত্রাংশের ঋণ গ্রহনের ১২ মাসের মধ্যে পরিশোধ করতে হবে।

২ পাতার ১ম পাতা

## ১০। জামানত এবং দলিল পত্র

১০.১ নিম্নলিখিত দলিল পত্রের মাধ্যমে সদস্য, কে এস এস ও ইউসিসিএ পর্য্যায়ে ঋণ নিশ্চিন্ত করতে হবে ঃ

১০.১.১ সদস্য পর্য্যায়

১। বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা[১] ;

২। জমি বন্ধকী কারবার নামা[২] ;

৩। তমসুক[৩] এবং

৪। শস্য বীমা, যদি করা হয়ে থাকে।

১০.১.২ কে এস এস পর্য্যায়

১। কে এস এস এর সাপ্তাহিক সভা এবং ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত।

২। কে এস এস এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত এপিএলপি ১, ২, ৪ ও ৫[৪] ;

৩। আমমোক্তারনামা[৫] ;

৪। কে এসএস ব্যবস্থাপনা কমিটির তিনজন ক্ষমতাপ্রাপ্ত সদস্যের স্বাক্ষরিত ডিপি নোট[৬]

১০.১.৩ ইউসিসিএ পর্য্যায়

১। একীভূত এ পি এল পি[৭]

২। ইউ সি সি এ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত[৮]

৩। ইউ সি সি এ কর্তৃক সম্পাদিত ডিপি নোট[৬]

৪। ইউ সি সি এ গৃহিত উপবিধি

৫। ইউ সি সি এর নিবন্ধন সনদ পত্র

৬। ইউ সি সি এর পূর্ববর্তী বৎসরের নিরীক্ষিত/সাময়িক উদ্বৃত্ত পত্র

৭। খতিয়ানভুক্ত সকল ঋণ ও পরিসম্পদের দায় বন্ধন[৯]

৮। ইউ সি সি এর এক মাইলের মধ্যে সোনালী ব্যাংকের শাখা থাকলে, সোনালী ব্যাংকে হিসাব রক্ষণের চুক্তি নামা এবং ইউ সি সি এ ঋণ দাদনের হিসাব বহি সমূহ সোনালী ব্যাংকের কর্মকর্তাদের পরীক্ষার জন্য বাধ্য থাকার চুক্তিনামা।

---

১ একজিবিট—১,৪
২ একজিবিট—৮
৩ একজিবিট—৯
৪ একজিবিট—১, ২, ৪ ও ৫
৫ একজিবিট—১০
৬ একজিবিট—১১
৭ একজিবিট—৭
৮ একজিবিট—১২
৯ একজিবিট—১৩

২ পাতার ২য় পাতা

৯। বীমা, যদি করা হয়ে থাকে

১০.১.৪ ঋণ প্রদান করার পরপরই ঋণ বিতরণ সনদপত্র আরডিওর নিকট পেশ করতে হবে। ১০.১.৩ ধারায় বর্ণিত ৪,৫ ও ৮ নং দলিল পত্র সোনালী ব্যাংকের নিকট একবারই পেশ করতে হবে এবং দলিল পত্র নং ৬ ও ৭ বৎসরে একবার পেশ করতে হবে কিন্তু প্রত্যেক ক্ষেত্রেই সূত্র উল্লেখ করতে হবে।

বীমা করার পর নকল পাঠাতে হবে।

## ১১। ঋণ আদায়, হিসাবকরণ এবং প্রতিবেদন

ঋণ আদায়, হিসাব এবং প্রতিবেদনের নিরীখ ক্রোড়পত্র ৪,৫ ও ৬ এ দেওয়া হয়েছে।

ক্রোড় পত্র--৯
৯ পাতার ৯ম পাতা

# ঋণ নিয়মাচার

( টাকা )

| ফসলের নাম | একর প্রতি | | | ফসল প্রতি/সদস্য প্রতি | |
|---|---|---|---|---|---|
| | দ্রব্য | নগদ | মোট | সর্বোচ্চ ২ একর | সর্বনিম্ন ০'৫ বিঘা |
| আউশ | ৩৬৩ | ১২১৪ | ১৫৭৭ | ৩১৫৪ | ২৬৩ |
| বোনা আমন | ৫৫'৫০ | ৫৫৭'৫০ | ৬১৩ | ১২২৬ | ১০২ |
| পাট | ২৪৯ | ৮৮১ | ১০৫০ | ২১০০ | ১৭৫ |
| রোপা আমন | ৪১৩ | ১২৭৫ | ১৬৮৮ | ৩৩৭৬ | ২৮১ |
| আনারস | ৫৩ | ৪১৯৫ | ৪২৪৮ | — | — |
| বোরো (উফসী) | ৬৬২ | ১৫৯০ | ২২৫২ | ৪৫০৪ | ৩৭৫ |
| বোরো (দেশী) | ১৪৮ | ৪০২ | ৫৫০ | ১১০০ | ৯২ |
| গম (সেচকৃত) | ৭৩৮ | ৮৩০ | ১৫৬৮ | ৩১৩৬ | ২৬১ |
| গম (বৃষ্টি সেচিত) | ৫৩৮'৫০ | ৫৬১'৫০ | ১১০০ | ২২০০ | ১৮৪ |
| আলু | ৯৪৪ | ৩০৫৬ | ৪০০০ | ৮০০০ | ৬৬৬ |
| আখ | ১০৮৪ | ৯১৬ | ২০০০ | ৪০০০ | ৩৩৪ |
| তামাক | — | — | ৭০০ | ১০৫০ | — |
| কলা | ৮২৫ | ২৫৫০ | ৩৩৭৫ | — | — |
| তৈল বীজ | ৫৭৪ | ১৭৬ | ৭৫০ | ১৫০০ | — |
| ডাল | ২৪৯ | ৩৫১ | ৬০০ | ১২০০ | — |
| শাক সব্জী | পরিসংখ্যান পাওয়া যায় নাই। | | | | |

উৎস ঃ বাংলাদেশ ব্যাংক, এসিডি সার্কুলার নং-৩৬/৮৩, ১৯শে আগষ্ট, ১৯৮৩
সোনালী ব্যাংক, আরসিডি সার্কুলার নং-১৭৭, ৩রা ফেব্রুয়ারী, ১৯৮৩।

ক্রোড় পত্র—২
১ পাতার ১ম পাতা

# কে এস এস শ্রেণী বিভাগ নির্ণায়ক

| ক্রমিক নং | বিষয় | শর্ত | মাত্রা% | নম্বর[১] |
|---|---|---|---|---|
| ১। | ঋণ পরিশোধ | বাৎসরিক দেয় ঋণের টাকার পরিশোধকৃত শতকরা হার | ৯৫ | ৪০ |
| | | | ৩০ | ০ |
| ২। | মূলধন | শেয়ার এবং সঞ্চয়ের লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার [২] | ৭৫ | ১০ |
| | | | ২৫ | ০ |
| ৩। | হিসাব করণ | যথাযথভাবে সব বাৎসরিক হিসাব সমাপ্ত করণ | হ্যাঁ | ১০ |
| | | | না | ০ |
| ৪। | কে এস এস এর সাপ্তাহিক সভা | সকল নির্দিষ্ট সভা অনুষ্ঠিত | ৫০ | ১০ |
| | | | ২০ | ০ |
| ৫। | ইউসিসিএতে প্রশিক্ষণ | কর্মসূচী অনুযায়ী ব্যবস্থাপকের ক্লাশে উপস্থিতির শতকরা হার | ৫০ | ১০ |
| | | | ১৫ | ০ |
| ৬। | বার্ষিক সাধারণ সভা | সমবায় আইন অনুযায়ী সভা অনুষ্ঠিত | হ্যাঁ | ১০ |
| | | | না | ০ |
| ৭। | আওতাভুক্ত করণ | যোগ্য গ্রাম্য পরিবারের অন্তর্ভূক্তির শতকরা হার | ৫০ | ১০ |
| | | | ২০ | ০ |
| | | সর্বোচ্চ মোট নম্বর [৩] | | ১০০ |

১ সারনীতে উল্লেখিত নম্বর সীমার মধ্যে অগ্রগতির মান অনুযায়ী আনুপাতিক হারে নম্বর দিতে

২ একজন কে এস এস সদস্যের সঞ্চয় লক্ষ্যমাত্রা বার্ষিক কমপক্ষে পঁচিশ টাকা।

৩ "ক" শ্রেণী ভুক্তির জন্য সর্বনিম্ন ৬০ এবং "খ" এর জন্য ৫০ নম্বরের প্রয়োজন

ক্রোড় পত্র—৩
১ পাতার ১ম পাতা

# ইউসিসিএ শ্রেণী বিভাগ নির্ণায়ক

| ক্রমিক নং | বিষয় | শর্ত | মাত্রা % | নম্বর[১] |
|---|---|---|---|---|
| ১। | ঋণ পরিশোধ | বাৎসরিক দেয় ঋণের টাকার | ৪০ | ৩৫ |
| | | পরিশোধকৃত শতকরা হার | ২০ | ০ |
| ২। | আর্থিক | অনুদান ও প্রশিক্ষণ ব্যয় ব্যতীত | ৬০ | ১৫ |
| | | নিজস্ব আয় মোট ব্যয়ের শতকরা | ২০ | ০ |
| | | কত অংশ | | |
| ৩। | মূলধন গঠন | শেয়ার ও সঞ্চয় লক্ষ্য অর্জনের | ৮০ | ১০ |
| | | শতকরা হার[২] | ১৫ | ০ |
| ৪। | ভাল কেএসএস- | 'ক' এবং 'খ' শ্রেণীভুক্ত কেএসএস- | ৪৫ | ১০ |
| | এর সংখ্যা | এর শতকরা হার | ১৫ | ০ |
| ৫। | হিসাব করণ | যথাযথ ভাবে সকল বাৎসরিক | হ্যাঁ | ১০ |
| | | হিসাব সমাপ্ত করণ | না | ০ |
| ৬। | বাৎসরিক সাধারণ | সমবায় আইন অনুযায়ী সভা অনুষ্ঠিত | হ্যাঁ | ১০ |
| | সভা | | না | ০ |
| ৭। | প্রশিক্ষণ | কর্মসূচী অনুযায়ী অনুষ্ঠিত ক্লাসের | ৬৫ | ১০ |
| | | শতকরা হার | ২০ | ০ |
| | | | সর্বোচ্চ মোট নম্বর[৩] | ১০০ |

[১] সারনীতে উল্লেখিত নম্বর সীমার মধ্যে অগ্রগতির মান অনুযায়ী আনুপাতিক হারে নম্বর দিতে হবে।

[২] একজন কেএসএস সদস্যের সঞ্চয়ের লক্ষ্য মাত্রা বার্ষিক কমপক্ষে ২৫ টাকা।

[৩] 'ক' শ্রেণী ভুক্তির জন্য সর্বনিম্ন ৬০ এবং 'খ' এর জন্য ৫০ নম্বরের প্রয়োজন।

# ঋণ আদায়ের নির্দেশিকা

ঋণ আদায়

কেএসএস ম্যানেজারের মাধ্যমে ঋণ আদায় করা হবে। ঋণের টাকা আদায় করার ৩ দিনের মধ্যেই ইউসিসিএ হিসাবে অবশ্যই জমা করতে হবে। আদায়কৃত টাকা দিয়ে ইউসিসিএ মাঝে মাঝে ব্যাংকের ঋণ পরিশোধ করবে, কিন্তু কোন অবস্থাতেই ইউসিসিএ আদায়কৃত ঋণের টাকা নিজস্ব হিসাবে বেশীদিন জমা রাখবে না বা অন্য উপায়ে লগ্নি করবে না।

সময়মত ঋণ আদায়ের নিমিত্তে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহনের প্রস্তাব করা হল ঃ

ইউসিসিএ পর্যায়

১। আরডিও এবং হিসাব রক্ষক ইউসিসিএ এর তদারকী বিভাগের কর্মচারীদের সভায় প্রতিটি কেএসএস এর বর্তমান ঋণ পরিস্থিতি বিশদভাবে অবহিত করবেন। সোনালী ব্যাংক-এর শাখা ব্যবস্থাপককে বর্ণিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হবে এবং তিনি কেএসএস ব্যবস্থাপক এবং তদারকী কর্মচারীদের সংগে ঋণ পরিস্থিতি আলোচনা করবেন।

২। আরডিও এবং এআরডিও কেএসএস পরিদর্শনকালে ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সংগে ঋণ পরিস্থিতির উপর আলোচনা করবেন।

৩। ইউসিসিএ এর ব্যবস্থাপনা কমিটি এবং কর্মচারীদের প্রতিটি সভায় প্রত্যেক কেএসএস এর ঋণ পরিস্থিতির উপর আলোচ্যসূচী থাকতে হবে।

৪। পরিদর্শক এক পক্ষ কালের মধ্যে কেএসএস এর সাপ্তাহিক সভায় কমপক্ষে একবার উপস্থিত থাকবেন।

৫। ইউসিসিএ কে সার্কেলে বিভক্ত করা হবে এবং ইউসিসিএ ব্যবস্থাপনা কমিটির প্রত্যেক সদস্য ঋণ আদায়ের জন্য একটি সার্কেলের দায়ীত্ব গ্রহন করবেন।

৬। ক্রমাগত কেএসএস এর ঋণ খেলাপী হলে ঃ

ক) ঋণ আদায়ের জন্য ব্যবস্থাপনা কমিটির সদস্যরা কেএসএস পরিদর্শন করবেন এবং দলগত/সামাজিক চাপ প্রয়োগ করবেন এবং

খ) আরডিও কেএসএস ব্যবস্থাপনা কমিটির সদস্যদের ঋণ আদায়ের ববেস্থা গ্রহন করার জন্য নোটিশ প্রদান করবেন। এটা যদি ব্যর্থ হয় আরডিও সরাসরি দেনাদারকে নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ পরিশোধ এর জন্য নোটিশ প্রদান করবেন।

৭। উপরে বর্ণিত সব চেষ্টাই যদি বিফল হয়, তবে বর্তমান আইন ও বিধি মোতাবেক ঋণ খেলাপকারী সদস্যের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করতে হবে।

৮। ইউসিসিএ ব্যবস্থাপনা কমিটির সদস্য ঋণ খেলাপ করলে তাঁর সদস্যপদ বাতিল করা হবে এবং ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে পরবর্তী তিন বৎসরের জন্য তাঁকে অযোগ্য ঘোষণা করা হবে। ইহা উল্লেখিত ব্যবস্থা সমূহের অতিরিক্ত।

সদস্য পর্যায়

১। ইউসিসিএ পরিদর্শক ও কেএসএস ব্যবস্থাপক সদস্যদের ঋণ গ্রহন এবং নির্দিষ্ট তারিখে সুদসহ পরিশোধের নিয়মাবলী শিক্ষা দিবেন। ঋণ খেলাপী এবং দণ্ড সুদের পরিনতি সম্বন্ধে সদস্যগণকে সচেতন করতে হবে।

ক্রোড় পত্র—৪

২ পাতার ২য় পাতা

২। ইউসিসিএ পরিদর্শক প্রত্যেক সদস্যের ঋণ কার্ড[১] তৈরী করবেন এবং কে এস এস এর সাপ্তাহিক সভা এবং ব্যবস্থাপনা কমিটির সভায় সামগ্রিক ঋণ অবস্থা সম্পর্কে সকলকে অবহিত করবেন।

৩। কেএসএসকে কয়েকটি ব্লকে বিভক্ত করতে হবে এবং ব্যবস্থাপনা কমিটির প্রত্যেক সদস্যকে একটি করে ব্লকের ঋণ আদায় ও পরিধারণের ( monitoring ) জন্য দায়িত্ব দেওয়া হবে।

৪। ব্যবস্থাপক/সভাপতি প্রত্যেক কে এস এস সভায় সদস্যদের ঋণ প্রদান ও আদায় পরিস্থিতি অবহিত করবেন এবং দেনাদারদের নির্দিষ্ট তারিখের মধ্যে ঋণ পরিশোধ করার জন্য উৎসাহিত করবেন।

৫। উপরে বর্ণিত সকল চেষ্টাই যদি বিফল হয়। তবে বর্তমান আইন ও বিধি মোতাবেক ঋণ খেলাপী সদস্যের প্রতি শাস্তিমুলক ব্যবস্থা গ্রহন করতে হবে।

৬। কে এস এস ব্যবস্থাপনা কমিটির সদস্যের খেলাপী ঋণের ক্ষেত্রে তাঁর কমিটির সদস্য পদ বাতিল করা হবে এবং তাঁকে পরবর্তী নির্বাচনে তিন বৎসরের জন্য অযোগ্য ঘোষণা করা হবে। ইহা উপরোক্ত ব্যবস্থা সমুহের অতিরিক্ত।

---

১ একজিবিট—১৬।

ক্রোড় পত্র—৫

১ পাতার ১ম পাতা

# ঋণ হিসাবের নির্দেশিকা

ঋণের হিসাব নিম্নলিখিত হিসাব বহিতে সংরক্ষণ করতে হবে ঃ

**ইউসিসিএ পর্য্যায় ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | ক্যাশ বহি | — | ইউ সি সি এ এর হিসাব রক্ষক লিখবেন। |
| ২। | সাধারণ খতিয়ান | — | ঐ |
| ৩। | ঋণ খতিয়ান | — | ইউ সি সি এ কর্তৃক দেয় সকল ঋণ আলাদা খাতায় কাজের প্রকারভেদ অনুসারে লিপিবদ্ধ করতে হবে। এগুলো হিসাব রক্ষকের তত্বাবধানে হিসাব সহকারী লিখবেন। |
| ৪। | সম্পূরক ঋণ খতিয়ান | — | বৎসরে ইউ সি সি এ কর্তৃক দেয় সকল ঋণ কে এস এস ওয়ারী বিভিন্ন ঋণের দফা অনুযায়ী আলাদা সম্পূরক খতিয়ানে লিপিবদ্ধ করতে হবে। ইহা হিসাব রক্ষকের তত্বাবধানে হিসাব সহকারী লিখবেন। |
| ৫। | শেয়ার খতিয়ান | — | হিসাব সহকারী লিখবেন। |
| ৬। | সঞ্চয় খতিয়ান | — | ঐ |

৭। ১২ মাস কিংবা তদুর্দ্ধ মেয়াদোত্তীর্ণ ব্লক ওয়ারী কে এস এস'র ঋণের তালিকা হিসাব সহকারী লিখবেন এবং পরিদর্শকদের সরবরাহ করবেন।

৮। ১২ মাস কিংবা তদুর্দ্ধ মেয়াদোত্তীর্ণ ব্লক ওয়ারী কে এস এস সভ্যদের ঋণের তালিকা পরিদর্শক লিখবেন এবং এর সাহায্যে ঋণ পরিধারন করবেন।

৯। ১২ মাস কিংবা তদুর্দ্ধ মেয়াদোত্তীর্ণ ব্লক ওয়ারী কে এস এস এবং ইউ সি সি এ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের ঋণের তালিকা হিসাব সহকারী লিখবেন এবং এগুলো পরিদর্শকদের মধ্যে বিতরণ করবেন।

**কে এস এস পর্য্যায়**

| | | |
|---|---|---|
| ১। | ক্যাশ বহি | গ্রাম্য হিসাব রক্ষক লিখবেন। |
| ২। | সাধারণ খতিয়ান | ঐ |
| ৩। | ঋণ খতিয়ান | ঐ |
| ৪। | শেয়ার খতিয়ান | ঐ |
| ৫। | সঞ্চয় খতিয়ান | ঐ |
| ৬। | ঋণ কার্ড[১] | সকল ঋণের সদস্য পিছু বৎসর ওয়ারী ও দফাওয়ারী হিসাব পরিদর্শক লিপিবদ্ধ করবেন। |

[১] একজিবিট—১৬

# ঋণ আদায় প্রতিবেদন পদ্ধতি

## ইউসিসিএ পর্য্যায়

১। সমস্ত স্বল্প মেয়াদী ঋণের বার্ষিক আদায়যোগ্য দাবী বৎসরে দুইবার (১৫ই মে এবং ৩১শে অক্টোবর) হিসাব করা হবে। প্রতিবেদন পদ্ধতি এবং বছর ওয়ারী ছক নিম্নে প্রদত্ত হলো ঃ

সারনী-১ ঃ ইউসিসিএ ঋণ আদায় প্রতিবেদন (১৫ই মে/৩১শে অক্টোবর তারিখে)

| | আসল | সুদ | মোট |
|---|---|---|---|
| ১। ঋণ পত্র কোষ (Loan portfolio) | | | |
| ক) দেয় টাকার পরিমাণ (আসল) | ××× | — | ××× |
| খ) দেয় ঋণের সংখ্যা | — | — | ××× |
| ২। আদায়যোগ্য ঋণের পরিমাণ | | | |
| ক) বকেয়া ঃ (মে ১৫/৩১শে অক্টোবর তারিখের পূর্ববর্তী ১২ মাসের খেলাপী ঋণ) | ××× | ××× | ××× |
| খ) চলতি ঃ (১৫ই মে/৩১শে অক্টোবর তারিখের পূর্ববর্তী ১২ মাসের আদায়যোগ্য ঋণের পরিমাণ) | ××× | ××× | ××× |
| ২ এর উপ-সমষ্টি | | | |
| ৩। ১২ মাস সময়ের মধ্যে আদায়কৃত টাকার পরিমাণ | | | |
| ক) বকেয়া | ××× | ××× | ××× |
| খ) চলতি | ××× | ××× | ××× |
| ৩ এর উপ-সমষ্টি | | | |

৪। আদায়ের শতকরা হার[১]

৩ এর উপ-সমষ্টি ÷ ২ এর উপ-সমষ্টি

[১] মোট আদায় যোগ্য ঋণের টাকার মধ্যে মোট আদায়কৃত টাকার শতকরা হিসাব ঋণ আদায় পরিস্থিতি প্রকাশ করে।

ক্রোড় পত্র—৬
৪ পাতার ২য় পাতা

সারনী-২ : ১৫ই মে/৩১শে অক্টোবর তারিখে খেলাপী ঋণের
বয়স সীমার তফসিল (Ageing Schedule)

| খেলাপী ঋণের মেয়াদ | টাকা | | | |
|---|---|---|---|---|
| | সংখ্যা | আসল | সুদ | মোট |
| ০—৬ মাস | | | | |
| ৬—১২ মাস | | | | |
| ১—২ বৎসর | | | | |
| ২—৩ বৎসর | | | | |
| ৩ বৎসরের অধিক | | | | |

২। তামাদি ঋণের সংরক্ষিত তহবিল :

ইউসিসিএ-এর পাওনা হতে ২% তামাদি ঋণের সংরক্ষিত তহবিলে জমা করতে হবে। খেলাপি ঋণের সংগে তামাদি ঋণের আনুপাতিক হার নির্ণয় করতে হবে।

৩ বৎসরের অধিক সময়ের খেলাপি ঋণের পরিমান মোট তামাদি ঋণের সংরক্ষিত তহবিলের অধিক হবে না।

প্রতি বৎসর ক্রমবর্দ্ধিত তামাদি ঋণের সংরক্ষিত তহবিল এবং খেলাপি ঋণের বিবরণ (সারনী-৩) তৈরী করতে হবে।

সারনী-৩ : ইউসিসিএ'র ক্রমপুঞ্জিত তামাদি ঋণের সংরক্ষিত তহবিল এবং খেলাপি ঋণের বিবরণ (১৫ই মে/৩১শে অক্টোবর তারিখে)

| ইউসিসিএ'র আদায়কৃত মোট পাওনা | তামাদি ঋণের[১] সংরক্ষিত তহবিলে মোট ক্রমপুঞ্জিত টাকা | ৩ বৎসর এবং তার অতিরিক্ত সময়ের খেলাপি ঋণের টাকা | শতকরা হিসাবে তামাদি ঋণ সংরক্ষিত তহবিল এবং খেলাপি ঋণের অনুপাতিক হার |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৩÷২ |

[১] ইহা স্বল্প মেয়াদী ঋণের সুদের ইউসিসিএ'র ৭ শতাংশ পাওনার ২ শতাংশ।

ক্রোড় পত্র—৬
৪ পাতার ৩য় পাতা

কে এস এস পর্যায়

৩। সকল স্বল্পমেয়াদী ঋণের বাৎসরিক আদায়যোগ্য দাবী কেএসএস এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আবেদনপত্র অনুমোদিত হওয়ার তারিখ হতে হিসাব করা হবে।
প্রতিবেদন ফর্মা নিম্নরূপ ঃ

সারনী—৪ ঃ কেএসএস ঋণ আদায়ের প্রতিবেদন

| | আসল | সুদ | মোট |
|---|---|---|---|
| ১। ঋণ পত্র কোষ ( Loan Portfolio ) | | | |
| (ক) দেয় ঋণের পরিমান (আসল) | xxx | — | xxx |
| (খ) দেয় ঋণের সংখ্যা | — | — | xxx |
| ২। আদায়যোগ্য ঋণের পরিমান | | | |
| (ক) বকেয়া (কেএসএস ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ঋণের আবেদনপত্র অনুমোদনের ১২ মাসের প্রারম্ভের খেলাপি ঋণ ) | xxx | xxx | xx÷ |
| (খ) চলতি (কেএসএস ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ঋণের আবেদন পত্র অনুমোদনের তারিখের ১২ মাস আগের আদায়যোগ্য ঋণের পরিমাণ) | xxx | xxx | xxx |
| ২ এর উপ-সমষ্টি | | | |
| ৩। ১২ মাস সময়ের মধ্যে ঋণ আদায়ের পরিমাণ | | | |
| (ক) বকেয়া | xxx | ÷xx | xxx |
| (খ) চলতি | xxx | xxx | xxx |
| ৩ এর উপ-সমষ্টি | | | |

৪। ঋণ আদায়ের শতকরা হার
৩ এর উপ-সমষ্টি ÷২ এর উপ-সমষ্টি

ক্রোড় পত্র-৬
৪ পাতার ৪র্থ পাতা

## সদস্য পর্যায়

কেএসএস ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ঋণ আবেদন পত্র অনুমোদনের তারিখ হতে সদস্যদের যে সমস্ত স্বল্প মেয়াদী ঋণ পরিশোধযোগ্য সেই সব স্বল্প মেয়াদী ঋণের শতকরা ১০০ ভাগ আদায় যোগ্য হবে। প্রতিবেদন ফর্মা নিম্নরূপ হবে ঃ-

## সারনী— ৫ ঃ সদস্যদের আদায়ের প্রতিবেদন

| | | আসল | সুদ | মোট |
|---|---|---|---|---|
| ১। | মোট দাদনকৃত ঋণের পরিমাণ | ××× | — | ××× |
| ২। | কেএসএস ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ঋণের আবেদন পত্র অনুমোদনের তারিখে মোট আদায় যোগ্য দেয় ঋণের পরিমাণ | ××× | ××× | ××× |
| ৩। | মোট আদায়কৃত ঋণের পরিমাণ | ××× | ××× | ××× |
| ৪। | আদায়ের শতকরা হার (৩÷২) | | | |

একজিবিট

একজিবিট-১
২ পাতার ১ম পাতা

# বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা ( এপিএলপি-১ )

সদস্য পর্য্যায়ে ফসলী ঋণের জন্য আবেদন পত্র

জিলা ______

ইউসিসিএ ______

কেএসএস ______

সদস্যের নাম ______ পিতা/স্বামী ______

ভর্তির তারিখ ______ শেয়ার ( টাকা ) ______ সঞ্চয় ( টাকা ) ______

আবাদী জমি ( একরে ) : নিজস্ব ______ বর্গা ______ ইজারা ______ মোট ______

উৎপাদন খরচ (টাকা)

(উপকরণের পরিমান অপর পৃষ্ঠায় তালিকাভুক্ত করা হয়েছে)

| | আয়তন (একরে) সেচকৃত অসেচকৃত | বীজ | সার | কীটনাশক ঔষধ | সেচ শ্রম ও জ্বালানী | মজুর | মোট খরচ টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| আউশ মওসুম | | | | | | | |
| —আউশ | | | | | | | |
| —বোনা আমন | | | | | | | |
| — পাট | | | | | | | |
| উপ-সমষ্টি | | | | | | | |
| রোপা আমন মওসুম | | | | | | | |
| - রোপা-আমন | | | | | | | |
| —আনারস | | | | | | | |
| উপ-সমষ্টি | | | | | | | |
| বোরো মওসুম | | | | | | | |
| —বোরো | | | | | | | |
| —গম | | | | | | | |
| —আলু | | | | | | | |
| —তামাক | | | | | | | |
| —তৈল বীজ | | | | | | | |
| — ডাল | | | | | | | |
| —শাক-সব্জী | | | | | | | |
| —আখ | | | | | | | |
| —কলা | | | | | | | |
| উপ-সমষ্টি | | | | | | | |
| সর্বমোট | | | | | | | |

মোট উৎপাদন খরচ টাকা ______

নিজস্ব টাকার পরিমাণ টাকা ______

প্রার্থিত ঋণের পরিমাণ টাকা ______

2.01

একজিবিট-১
২ পাতার ২য় পাতা।

## সম্পির দফা

| | বীজ | সার | কীটনাশক ঔষধ |
|---|---|---|---|
| **আউশ মওসুম ফসল** | | | |
| — আউশ | | | |
| — বোনা আমন | | | |
| — পাট | | | |
| উপ সমষ্টি | | | |
| **রোপা আমন মওসুম ফসল** | | | |
| — রোপা আমন | | | |
| — আনারস | | | |
| উপ সমষ্টি | | | |
| **বোরো মওসুম ফসল** | | | |
| — বোরো | | | |
| — গম | | | |
| — আলু | | | |
| — তামাক | | | |
| — তৈল বীজ | | | |
| — ডাল | | | |
| — তরিতরকারি | | | |
| — আখ | | | |
| — কলা | | | |
| উপ-সমষ্টি | | | |
| **সর্বমোট** | | | |

সদস্যের দস্তখত/টিপসহি

তারিখ..................

একজিবিট-৮
২ পাতার ১ম পাতা

# বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা ( এপিএলপি-২ )

কেএসএস পর্য্যায়ে ফসলী ঋণের জন্য আবেদন পত্র

জিলা ______________

ইউসিসিএ ______________

কেএসএস ______________

নিবন্ধনের তারিখ ______________ শেয়ার ( টাকা ) ______________ সঞ্চয় ( টাকা ) ______________

আবাদী জমি ( একরে ) ঃ নিজস্ব ______________ বর্গা ______________ ইজারা ______________ মোট ______________

উৎপাদন খরচ (টাকা)

(উপকরণের পরিমান অপর পৃষ্ঠায় তালিকাভূক্ত করা হয়েছে)

| | আয়তন (একরে) সেচকৃত | অসেচকৃত | বীজ | সার | কীটনাশক ঔষধ | সেচ শ্রম এবং জ্বালানী | প্রাকৃতিক বিপর্য্যয়ের জন্য সম্ভাব্য ঋণ | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| আউশ মওসুম ফসল | | | | | | | | |
| —আউশ | | | | | | | | |
| —বোনা আমন | | | | | | | | |
| —পাট | | | | | | | | |
| উপ-সমষ্টি | — | — | — | — | — | — | — | |
| রোপা আমন মওসুম ফসল | | | | | | | | |
| —রোপা-আমন- | | | | | | | | |
| —আনারস | | | | | | | | |
| উপ-সমষ্টি | — | — | — | — | — | — | — | |
| বোরো মওসুম ফসল | | | | | | | | |
| —বোরো | | | | | | | | |
| —গম | | | | | | | | |
| —আলু | | | | | | | | |
| —তামাক | | | | | | | | |
| —তৈল বীজ | | | | | | | | |
| —ডাল | | | | | | | | |
| —শাক-সবজী | | | | | | | | |
| —আখ | | | | | | | | |
| —কলা | | | | | | | | |
| উপ-সমষ্টি | — | — | — | — | — | — | — | |
| সর্বমোট | = | = | = | = | = | = | = | |

মোট উৎপাদন খরচ ______________ টাকা

নিজস্ব টাকার পরিমাণ ______________ টাকা

প্রার্থিত ঋণের পরিমাণ ______________ টাকা

একজিবিট—২

২ পাতার ২য় পাতা

# উপকরণের পরিমাণ ( মণ )

| | বীজ | সার | কীট নাশক ঔষধ |
|---|---|---|---|
| আউশ মওসুম ফসল | | | |
| —আউশ | | | |
| —বোনা আমন | | | |
| —পাট | | | |
| উপসমষ্টি | | | |
| রোপা আমন মওসুম ফসল | | | |
| —রোপা আমন | | | |
| —আনারস | | | |
| উপ-সমষ্টি | | | |
| বোরো মওসুম ফসল | | | |
| —বোরো | | | |
| —গম | | | |
| —আলু | | | |
| —তামাক | | | |
| —তৈলবীজ | | | |
| —ডাল | | | |
| —শাক সব্জী | | | |
| —আখ | | | |
| —কলা | | | |
| উপ-সমষ্টি | | | |
| সর্বমোট | | | |

কেএসএস ব্যবস্থাপনা কমিটির ____________ তারিখের মিটিংএ অনুমোদিত যাহা ____________ নং সিদ্ধান্ত বহির ____________ নং পৃষ্ঠায় যথোপযুক্তভাবে লিপিবদ্ধ করা হয়েছে।

প্রতিপাদিত এবং স্বাক্ষরিত

| ____________ | ____________ | ____________ |
|---|---|---|
| পরিদর্শক | ব্যবস্থাপক | সভাপতি |
| তারিখ ____________ | তারিখ ____________ | তারিখ ____________ |

## বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা ( এপিএলপি-৩ )

**ইউসিসিএ পর্য্যায়ে ফসলী ঋণের জন্য আবেদন পত্র**

জিলা ______________________

ইউসিসিএ ______________________

নিবন্ধনের তারিখ ____________ শেয়ার ( টাকা ) ____________ সঞ্চয় ( টাকা ) ____________

আবাদী জমি ( একরে ) ঃ নিজস্ব বর্গা ইজারা মোট

উৎপাদন খরচ (টাকা) ______________________

(উপকরণের পরিমান অপর পৃষ্ঠায় তালিকাভুক্ত করা হয়েছে)

| | আয়তন (একরে) সেচকৃত অসেচকৃত | বীজ | সার | কীটনাশক ঔষধ | সেচ শ্রম এবং জ্বালানী | মজুর | প্রাকৃতিক বিপর্য্যয়ের জন্য সম্ভাব্য খরচ | মোট খরচ টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| **আউশ মওসুম ফসল** | | | | | | | | |
| —আউশ | | | | | | | | |
| —বোনা আমন | | | | | | | | |
| —পাট | | | | | | | | |
| উপ-সমষ্টি | | | | | | | | |
| **রোপা আমন মওসুম ফসল** | | | | | | | | |
| --রোপা-আমন | | | | | | | | |
| --আনারস | | | | | | | | |
| উপ-সমষ্টি | | | | | | | | |
| **বোরো মওসুম ফসল** | | | | | | | | |
| —বোরো | | | | | | | | |
| —গম | | | | | | | | |
| —আলু | | | | | | | | |
| —তামাক | | | | | | | | |
| —তৈল বীজ | | | | | | | | |
| —ডাল | | | | | | | | |
| —শাক-সব্জী | | | | | | | | |
| —আখ | | | | | | | | |
| —কলা | | | | | | | | |
| উপ-সমষ্টি | | | | | | | | |
| **সর্বমোট** | | | | | | | | |

মোট উৎপাদন খরচ টাকা ______________________

নিজস্ব টাকার পরিমাণ টাকা ______________________

প্রার্থিত ঋণের পরিমাণ টাকা ______________________

একজিবিট-৩
২ পাতার ২য় পাতা।

## উপকরণের পরিমাণ ( মণ )

| | বীজ | সার | কীটনাশক ঔষধ |
|---|---|---|---|
| **আউশ মওসুম ফসল** | | | |
| — আউশ | | | |
| — বোনা আমন | | | |
| — পাট | | | |
| উপ সমষ্টি | ——— | ——— | ——— |
| **রোপা আমন মওসুম ফসল** | | | |
| — রোপা আমন | | | |
| — আনারস | | | |
| উপ সমষ্টি | ——— | ——— | ——— |
| **বোরো মওসুম ফসল** | | | |
| — বোরো | | | |
| — গোল আলু | | | |
| — গম | | | |
| — তামাক | | | |
| — তৈল বীজ | | | |
| — ডাল | | | |
| — শাক-সব্জি | | | |
| — আখ | | | |
| — কলা | | | |
| উপ-সমষ্টি | ——— | ——— | ——— |
| **সর্বমোট** | ═══ | ═══ | ═══ |

ঋণ উপ-কমিটির সদস্যগণের স্বাক্ষর

| | | |
|---|---|---|
| সদস্য | তারিখ | ইউসিসিএ ব্যবস্থাপনা কমিটির ………তারিখের |
| সদস্য | তারিখ | মিটিংএ অনুমোদিত যাহা…………নং |
| আহবায়ক | তারিখ | সিদ্ধান্ত বহির ………… নং পৃষ্ঠায় |
| | | যথোপযুক্তভাবে লিপিবদ্ধ করা হয়েছে। |

প্রতিপাদিত এবং স্বাক্ষরিত

| | |
|---|---|
| আরডিও / সেক্রেটারী | সভাপতি |
| তারিখ……………… | তারিখ…………… |

একজিবিট—৭

১ পাতার ১ম পাতা

# একীভূত বার্ষিক উৎপাদন এবং ঋণ পরিকল্পনা আবেদন পত্র ( এ পি এল পি—৭ )

ইউসিসিএ পর্য্যায়

জিলা ______ ইউসিসিএ ______

কেএসএস ( সংখ্যা ) ______ সদস্য ( সংখ্যা ) ______

শেয়ার ( টাকা ) ______ সঞ্চয় ( টাকা ) ______

আবাদী জমি ( একরে ) ঃ নিজস্ব ______ বর্গা ______ ইজারা ______ মোট ______

